

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৩৬৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪২, তৃতীয় অনুচ্ছেদ - জুমু'আর সালাত

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا مِنْ مُسْلِم يَمُوتُ يَوْمَ الْجُمُعَةِ أَوْ لَيْلَةَ الْجُمُعَةِ إِلَّا وَقَاهُ اللَّهُ فِتْنَةَ الْقَبْرِ». رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ وَلَيْسَ إِسْنَاده بِمُتَّصِل

বাংলা

১৩৬৭-[১৪] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যদি কোন মুসলিম জুমু'আর দিন অথবা জুমু'আর রাতে মৃত্যুবরণ করে, তাহলে আল্লাহ তা'আলা তাকে কবরের ফিতনা থেকে রক্ষা করবেন। (আহমাদ, তিরমিযী; তিনি [ইমাম তিরমিযী] বলেন, এ হাদীসটি গরীব। এর সানাদ মুন্তাসিল নয়।)[1]

ফুটনোট

[1] হাসান লিগায়রিহী : আত্ তিরমিয়ী ১০৭৪, আহমাদ ৬৫৮২, সহীহ আত্ তারগীব ৩৫৬২। তবে আহমাদের সানাদটি দুর্বল।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসের সমর্থনে আবূ নু'আয়ম তাঁর হুল্ইয়াহ্ গ্রন্থে জাবির (রাঃ) থেকে বর্ণনা করেছেন, নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন- যে ব্যক্তি জুমু'আর দিন কিংবা রাতে মারা যাবে তাকে কবরের শান্তি থেকে পরিত্রাণ দেয়া হবে এবং সে কিয়ামাতের (কিয়ামতের) দিন শাহীদি ঝান্ডা নিয়ে আসবে। হুমায়দী (রহঃ) তার তারগিব গ্রন্থে আইয়্যাস ইবনু বাকির হতে বর্ণনা করেছেন যে, যে জুমু'আর দিনে মৃত্যুবরণ করবে তার জন্য শাহীদের সাওয়াব লেখা হবে এবং কবরের ফিতনাহ্ থেকে তাকে মুক্তি দেয়া হবে। ইবনু কইয়্যম জাবির (রাঃ) বর্ণিত হাদীস সম্পর্কে বলেন, 'উমার (রাঃ) ইবনু মূসা আল ওয়াজিহী এটি এককভাবে বর্ণনা করেছে, "সে য'ঈফ''।



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন